## সেবার ধরণঃ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন

ক) সড়ক নির্মাণ/পুননির্মাণ/পুর্নবাসন।

খ) ব্রিজ, কালভার্ট নির্মাণ/পুননির্মাণ।

গ) গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়ন।

ঘ) ঘাট/জেটি নির্মাণ।

ঙ) উপজেলা ও ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ/রক্ষণাবেক্ষন।

চ) অবকাঠামো রক্ষণাবেক্ষন।

## কিভাবে সেবা পাবেনঃ

এলজিইডি এর অগ্রাধিকারভিত্তিক পরিকল্পনা অনুযায়ী পর্যায়ক্রমে অবকাঠামোসমূহ উন্নয়নে কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। এছাড়া জনপ্রতিনিধি বা স্থানীয় অধিবাসীদের আবেদনের প্রেক্ষিতে প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়। প্রস্তাব অনুমোদিত হলে কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়।

## সেবার ধরণঃ নগর অবকাঠামো উন্নয়ন

ক) সড়ক ও ফুটপাত নির্মাণ/পুনর্নির্মাণ।

খ) নর্দমা নির্মাণ/পুনর্নির্মাণ।

গ) বাজার উন্নয়ন।

ঘ) বাস/ট্রাক টার্মিনাল নির্মাণ।

ঙ) দারিদ্র বিমোচন, বর্জ্য ব্যবস্থাপনা, বস্তি উন্নয়ন কার্যক্রম এবং নগর উন্নয়নে পরিকল্পনা ও সক্ষমতা বৃদ্ধিকরণে কারিগরী সহায়তা।

## কিভাবে সেবা পাবেনঃ

নগর অবকাঠামো এলজিইডি হতে পৌরসভা কে কারিগরী সহায়তা প্রদান করা হয়। এছাড়া বিভিন্ন সময়ে সদর দপ্তর হতে অগ্রাধিকারভিত্তিক পরিকল্পনা অনুযায়ী প্রকল্প গ্রহণ করা হয়ে থাকে।

## ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নঃ

- নিজ এলাকা থেকে নির্বাচিত ইউনিয়ন পরিষদ সদস্যের মাধ্যম সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ বরাবর আবেদন করতে হবে।

- ইউনিয়ন পরিষদ সভায় সমস্যাটি উত্থাপন করে সমাধানের সম্ভাব্য উপায় নিয়ে আলোচনার পর সভার কার্য বিবরণীতে অর্ন্তভূক্ত করে উপ-প্রকল্প চিহ্নিত ফরম পূরণ করতে হবে।

- পূরণকৃত উপ-প্রকল্প ফরম উপজেলা প্রকৌশলী বরাবর জমা দিতে হবে।

## কারিগরী সেবা প্রদান ও ডিপোজিট ওয়ার্কঃ

উধ্বর্তন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন প্রত্যাশি সংস্থা কে কারিগরী সহায়তা প্রদান ও তাঁদের ডিপোজিট ওয়ার্ক বাস্তবায়ন করা হয়ে থাকে।

## উপজেলা পরিষদের রাজস্ব ও উন্নয়ন তহবিলের আওতায় উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নঃ

- উপজেলা পরিষদ চেয়ারম্যান বরাবর আবেদন।
- প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন।
- প্রকল্প বাছাই কমিটির সভায় যাচাই-বাছাই ও অনুমোদনের সুপারিশ।
- সুপারিশকৃত প্রকল্প উপজেলা পরিষদ সভায় উপস্থাপন ও অনুমোদন।
- অনুমোদিত প্রকল্পের ডিজাইন, ড্রয়িং ও প্রাক্কলন প্রণয়ন।
- দরপত্র আহবান ও চুক্তি সম্পাদন।
- কাজ বাস্তবায়ন।

## উন্নয়ন কর্তৃপক্ষ ও পৌরসভার আওতা বর্হির্ভূত এলাকায় ইমারত নির্মাণ আইন ও বিধিমালা অনুযায়ী ভবন নির্মাণ অনুমোদনঃ

- প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ নির্ধারিত ফরমে আবেদন।
- আবেদনের সাথে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা পরিষদের অনুকূলে নির্ধারিত ফি জমাদান।
- ইমারত নির্মাণ অনুমোদন সংক্রান্ত উপজেলা কমিটির সভায় উপস্থাপন।
- আবেদন ও দাখিলকৃত কাগজপত্রাদি যথাযত হলে অনুমোদন প্রদান করা হয়।

## পূর্ত ও সরবরাহ কাজের বিল পরিশোধঃ

- বিল প্রাপ্তির আবেদন।
- সরেজমিনে কাজের পরিমাপ গ্রহণ।
- চুক্তি অনুযায়ী নির্ধারিত কাজের পরিমাপ মাপ বহিতে লিপিবদ্ধকরণ।
- বিল প্রদান।